# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ সিয়াম ও রোযা

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

কেউ রোযা রেখে মারা গেলে তাঁর তরফ থেকে মিসকীন খাওয়াতে হবে, নাকি ওয়ারেসকে রোযা রেখে দিতে হবে?

রমযানের রোযা কাযা রেখে মারা গেলে তাঁর তরফ থেকে মিসকীন খাওয়াতে হবে। আর নযরের রোযা না রেখে মারা গেলে তাঁর তরফ থেকে ওয়ারেসকে রোযাই রাখতে হবে।

আমার মা রমযানের রোযা বাকি রেখে ইন্তিকাল করলে তিনি মা আয়েশা (রাঃ) কে জিজ্ঞাসা করলেন, “আমি আমার মায়ের তরফ থেকে কাযা করে দেব কি?” আয়েশা (রঃ) বললেন, “না। বরং তাঁর তরফ থেকে প্রত্যেক দিনের পরিবর্তে এক একটি মিসকীনকে অর্ধ সা’ (প্রায় ১ কিলো ২৫০ গ্রাম খাদ্য) সদকাহ করে দাও।” ২৬৩ (ত্বহাবী ৩/১৪২, মুহাল্লা ৭/৮, আহকামুল জানাইয, টীকা ১৭০ পৃঃ)

ইবনে আব্বাস (রঃ) বলেন, “কোন ব্যক্তি রমযান মাসে অসুস্থ হয়ে পড়লে এবং তারপর রোযা না রাখা অবস্থায় মারা গেলে তাঁর তরফ থেকে মিসকীন খাওয়াতে হবে; তাঁর কাযা নেই। পক্ষান্তরে নযরের রোযা বাকী রেখে গেলে তাঁর তরফ থেকে তাঁর অভিভাবক (বা ওয়ারেস) রোযা রাখবে।” ২৬৪ (আবূ দাউদ ২৪০১ প্রমুখ)

Source — https://www.hadithbd.com/books/link/?id=202

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন